

Advertisement



4 Car Suspension Repair Tips For Effective Maintenance

Find out these car suspension repair tips to maintain your car in the best way. These tips will ensure your vehicle runs in the best way for a long time.



Top SUV Cars: 10 Best In South Asia At Affordable Rates

Are you confused which SUV to choose? Not to worry. Check out our blog on top SUV cars which clear your all confusion. After going through all the features make your choice

Recommended by

BIG BOOST

Local payments. Fast Withdrawals

INB
LPI

Pay PhonePe

18+ only. Terms Apply

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিও

Anandabazar / Employment /

JU Recruitment 2024

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে একটি কেন্দ্রীয় গবেষণা প্রকল্পে কাজের সুযোগ, নিয়োগ কোন পদে?

প্রকল্পটি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের স্কিম ফর ট্রান্সফরমেশনাল অ্যান্ড অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (স্টার্স)-এর আর্থিক সহায়তায় পরিচালিত হবে।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। সংগৃহীত ছবি।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ০৩ জানুয়ারি ২০২৪ ১৮:৫৩

Share: [f](#) [↩](#) Save: [🔖](#)

ষাদবপুর বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রের অর্থপুষ্টি একটি গবেষণা প্রকল্পে কাজের সুযোগ রয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের তরফে সেই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকল্পে নিয়োগ হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। এর জন্য আগে থেকে আগ্রহীদের আবেদনপত্র পাঠাতে হবে না।



বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং সায়েন্স বিভাগে গবেষণা প্রকল্পের কাজ হবে। প্রকল্পটির নাম— ‘ডেভেলপমেন্ট অফ এআই/ এমএল বেসড প্রেডিক্টিভ মডেলস ফর অ্যাসোসিয়েশন অ্যানালিসিস অফ রিস্ক ফ্যাক্টরস অ্যান্ড হাই গ্র্যানিউলার ফোরকাস্টিং ফর এয়ার পলিউট্যান্টস’। প্রকল্পটি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের স্কিম ফর ট্রান্সফরমেশনাল অ্যান্ড অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (স্টার্স)-এর আর্থিক সহায়তায় পরিচালিত হবে।

আরও পড়ুন:

আনন্দবাজার পরিষ্কার অনলাইন
মাইক্রোবায়োলজিতে পিএইচডি করবেন?
কলকাতা বিশ্ববিদ্যালয়ে শুরু রেজিস্ট্রেশন
প্রক্রিয়া

আনন্দবাজার পরিষ্কার অনলাইন
বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে পদার্থবিদ্যা বিভাগে
গবেষক নিয়োগ, শূন্যপদ ক’টি?

আনন্দবাজার পরিষ্কার অনলাইন
কল্যাণী বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতার
ছ’মাসের কোর্সে ভর্তির সুযোগ, রইল বিশদ

Advertisement



4 Car Suspension Repair Tips For Effective Maintenance

Recommended by [@](#) [@](#)

আরও পড়ুন

আনন্দবাজার পরিষ্কার অনলাইন
শিবপুরের
আইআইইএসটিতে
‘ডিপফেক’ সংক্রান্ত
গবেষণার কাজের সুযোগ...

আনন্দবাজার পরিষ্কার অনলাইন

আনন্দবাজার পরিষদ অনলাইন

ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের তরফে চাকরির সুযোগ, নিয়োগ কোন কোন পদে?

প্রকল্পে নিয়োগ হবে জুনিয়র রিসার্চ ফেলো পদে। শূন্যপদ রয়েছে একটি। প্রকল্পে প্রথমে এক বছরের জন্য প্রার্থী নিয়োগ করা হলেও কাজের ভিত্তিতে এবং প্রয়োজন অনুযায়ী এই মেয়াদ বেড়ে তিন বছর পর্যন্ত হতে পারে। প্রকল্পে আবেদনের জন্য প্রার্থীদের বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিতদের জন্য ছাড় থাকবে। প্রকল্পে নিযুক্ত ব্যক্তির সাম্মানিকের পরিমাণ কত হবে, তা মূল বিজ্ঞপ্তিতে জানানো হয়নি।

আবেদনকারীদের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ ডিস্ট্রিবিউটেড অ্যান্ড মোবাইল কম্পিউটিং/ ডেটা সায়েন্স বা সমতুল বিষয়ে এমই বা এমটেক ডিগ্রি থাকতে হবে। পাশাপাশি গেট/ নেট (সিএসআইআর/ ইউজিসি)-এর মতো পরীক্ষাতেও উত্তীর্ণ হতে হবে। এ ছাড়াও যোগ্যতার অন্যান্য মাপকাঠি মূল বিজ্ঞপ্তিতে বিশদ জানানো হয়েছে।

আগামী ৫ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে নিয়োগের ইন্টারভিউয়ের আয়োজন করা হবে। ওই দিন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ৫০ টাকা মূল্যের বিনিময়ে সংগৃহীত ও পূরণ করা আবেদনপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় নথি সঙ্গে নিয়ে প্রার্থীদের সকাল ১১টার মধ্যে যথাস্থানে উপস্থিত হতে হবে। এই বিষয়ে বাকি তথ্য বিস্তারিত জানতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখতে হবে আগ্রহীদের।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [WB Govt Job 2024](#) [Jobs in West Bengal](#) [Govt Job Recruitment 2024](#)

কেন্দ্রীয় সংস্থা অয়েল ইন্ডিয়া লিমিটেডে কর্মী নিয়োগ, কতগুলি শূন্যপদে চাকরির সুযোগ?

আনন্দবাজার পরিষদ অনলাইন

কম্পিউটার সায়েন্স নিয়ে পড়েছেন? রাজ্যের ম্যারেজ রেজিস্ট্রারের অফিসে কাজের সুযোগ

Advertisement



Acronis
Healthcare has evolved.
Your IT should too.
Discover Cyber Protection
Get protected



টাকা TALK
সেভিংস থেকে ইনভেস্টমেন্ট
লাভ হবে না
লোকসান?
উত্তর একটাই **₹**
বিশদে জানুন

Follow us on: [f](#) [X](#) [i](#) [e](#) Save: [🔖](#)

Advertisement